



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ২

তারিখ : ০১ জানুয়ারি ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ০১ জানুয়ারি ২০২৩ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রতিষ্ঠাবার্ষিকী আজ প্রথমবারের মত পালিত হচ্ছে। এটি ইনস্টিটিউটের ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষ্যে দুপুরে আনন্দ র্যালি, বিকেলে শেখ রাসেল অডিটোরিয়ামে আলোচনা সভা এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠান তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি প্রধান অতিথি এবং সম্মানিত সচিব জনাব মোঃ হুমায়ন কবীর খোন্দকার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

প্রধান অতিথি ড. হাছান মাহমুদ তাঁর বক্তব্যে বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ। এ দেশকে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার কারিগর প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার গণমাধ্যমের স্বাধীনতা, দায়িত্বশীলতা ও সৃষ্টি বিকাশে বিশ্বাসী। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট নব নব প্রযুক্তির সাথে খাপ খাইয়ে সর্বোচ্চ দক্ষতায় শিক্ষা, তথ্য, সংবাদ ও বিনোদনমূলক লেখনী প্রকাশ ও অনুষ্ঠান সৃষ্টির কলাকৌশল বিষয়ে জ্ঞানের প্রসার ঘটিয়ে সরকারি-বেসরকারি পর্যায়ে গণমানুষের কল্যাণে ও দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখছে। ভবিষ্যতেও এই ইনস্টিটিউট উদীয়মান গণমাধ্যমকর্মীবৃন্দের পেশাগত দক্ষতা আরো শাণিত করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

বিশেষ অতিথি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব, মোঃ হুমায়ন কবীর খোন্দকার বলেন, এ প্রতিষ্ঠান প্রযুক্তিবান্ধব সুদূরপ্রসারী পরিকল্পনার মাধ্যমে দেশবাসীর মনন তৈরি, ঐক্যবদ্ধ, ক্ষমতায়ন ও দেশপ্রেমে উজ্জীবিত করে নারী-শিশুসহ প্রান্তিক জনগোষ্ঠীর কল্যাণে কাজ করছে। জ্ঞান বিকাশের মাধ্যমে দেশের পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন পরিকল্পনা ২০৩০ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ফলপ্রসূ অবদান রেখে চলেছেন।

অনুষ্ঠানের সভাপতি ও জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসি বলেন- গণমাধ্যমকর্মীদের পেশাগত উন্নয়নে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রশিক্ষণের মাধ্যমে গণমাধ্যমকর্মীদের পেশাগত পথ পরিক্রমা আরো মসৃণ করে। দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি ইউনিসেফ, ইউরোপীয় ইউনিয়ন, এআইবিডিসহ আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের সহায়তায় সম্মিলিতভাবে সুনামের সাথে কাজ করছে এ ইনস্টিটিউট। প্রশিক্ষণের পাশাপাশি গবেষণা ও প্রকাশনার মাধ্যমে ইনস্টিটিউট যথাযথ মর্যাদায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রতিষ্ঠিত হয়েছে।

এই প্রতিষ্ঠানের পথ পরিক্রমা ও সফলতা আনায়নে যারা অবদান রেখে চলেছেন তাঁদের সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটসহ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়স্বতন্ত্র বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানসহ কর্মকর্তা-কর্মচারী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রধান নির্বাহী, কমিউনিটি রেডিও, ঢাকা।
- ৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। কার্যালয় নথি।